

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

(কাস্টমস্ ও মূল্য সংযোজন কর)

প্রজ্ঞাপন

তারিখ : ২৬ জৈষ্ঠ, ১৪১৮ বঙ্গাব্দ/০৯ জুন, ২০১১ খ্রিস্টাব্দ।

এস,আর,ও নং ১৫৬-আইন/২০১১/২৩৪২/কাস্টমস্।- Customs Act, 1969 (Act IV of 1969) এর section 19 এর sub-section (1) এবং মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ১৪(১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, জনস্বার্থে, জাতীয় রাজস্ব বোর্ডের সহিত পরামর্শক্রমে, উক্ত Act এর FIRST SCHEDELE ভুক্ত পণ্যসমূহের মধ্যে নিম্নের TABLE এর কলাম (1) এ উল্লিখিত Heading এর আওতাধীন কলাম (2) তে বর্ণিত H.S. Code এর বিপরীতে কলাম (3) এ উল্লিখিত যন্ত্রপাতি, যন্ত্রাংশ ও উপকরণকে উহাদের উপর আরোপণীয় আমদানি শুল্ক, যে পরিমাণে মূল্যভিত্তিক ৩% এর অতিরিক্ত হয় সে পরিমাণ, এবং সম্মদয় মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক (যদি থাকে) হইতে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে অব্যাহতি প্রদান করিল :

শর্ত

- (১) TABLE এ উল্লিখিত যন্ত্রপাতি, যন্ত্রাংশ ও উপকরণ বিনিয়োগ বোর্ড কর্তৃক নিবন্ধিত এবং পেট্রোবাংলা ও বিস্ফোরক অধিদণ্ডের কর্তৃক অনুমোদিত এলপি গ্যাস সিলিন্ডার প্রস্তুতকারী প্রতিষ্ঠান কর্তৃক আমদানিযোগ্য হইবে;
- (২) আমদানিকৃত যন্ত্রপাতি, যন্ত্রাংশ ও উপকরণ শুধু নিবন্ধিত এলপি গ্যাস সিলিন্ডার প্রস্তুতকারী কারখানাতেই ব্যবহার করিতে হইবে এবং এই মর্মে আমদানিকারক ১৫০.০০ (একশত পঞ্চাশ) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে পরিশিষ্ট-১ অনুযায়ী একটি অঙ্গীকারনামা সংশ্লিষ্ট কমিশনার অব কাস্টমস্ এর নিকট দাখিল করিবেন;
- (৩) পণ্যচালান খালাসের ৬ (ছয়) মাসের মধ্যে আমদানিকৃত পণ্যসমূহ নিবন্ধিত এলপি গ্যাস সিলিন্ডার প্রস্তুতকারী প্রতিষ্ঠানে ব্যবহার করা হইয়াছে কি না উহা সংশ্লিষ্ট মূল্য সংযোজন কর বিভাগীয় কর্মকর্তা সরেজমিনে তদন্তপূর্বক তাহার স্বাক্ষরে পরিশিষ্ট-২ অনুযায়ী একটি প্রত্যয়নপত্র সরেজমিনে তদন্তের পরবর্তী ৩০ (ত্রিশ) দিনের মধ্যে সংশ্লিষ্ট কমিশনার অব কাস্টমস্ বরাবর প্রেরণ করিবেন;

- (8) শর্ত (৩) এ উলিখিত প্রতিবেদন প্রাপ্তির পর যদি দেখা যায় যে, আমদানিকৃত যন্ত্রপাতি, যন্ত্রাংশ ও উপকরণ আমদানিকারক প্রতিষ্ঠানে ব্যবহৃত হইয়াছে এবং তাহা দ্বারা উপকরণ উৎপাদ সহগ অনুযায়ী এলপি গ্যাস সিলিন্ডার প্রস্তুত হইয়াছে তাহা হইলে শর্ত (২) অনুযায়ী প্রদত্ত অঙ্গীকারনামা ফেরতযোগ্য হইবে। অন্যথায় প্রযোজ্য হারে শুল্ক, কর এবং অর্থদণ্ড বা জরিমানা আমদানিকারকের নিকট হইতে আদায়যোগ্য হইবে।

TABLE

Heading	H.S. Code	Description
(1)	(2)	(3)
38.10	3810.90.10	Submerge welding flux for LPG
72.08	7208.39.80	Flat-rolled products or iron or non-alloy steel, of a width of 600 mm or more, hot-rolled, not clad, plated or coated of a thickness of less than 3 mm
72.17	7217.30.00	Wire of iron or non-alloy steel plated or coated with other base metals
84.81	8481.40.11	Safety or relief valve inner diameter not exceeding 1 inch for LPG.

পরিশিষ্ট-১

অঙ্গীকারনামা
[শর্ত (২) দ্রষ্টব্য]

আমি ----- (নাম) মালিক/ব্যবস্থাপনা পরিচালক, মেসার্স
----- (প্রতিষ্ঠানের নাম
ও সম্পূর্ণ ঠিকানা) এই মর্মে অঙ্গীকার করিতেছি যে, প্রতিষ্ঠানটি বিনিয়োগ বোর্ড কর্তৃক নিবন্ধিত
(নিবন্ধন নম্বর) এবং পেট্রোবাংলা ও বিস্ফোরক অধিদণ্ডের কর্তৃক অনুমোদিত (অনুমোদনের
কাগজাদি সংযুক্ত)। আমি খণ্পত্র নং----- তারিখ :-----
ইনভেরেন্স নং----- তারিখ : ----- বি এল/এয়ারওয়ে বিল/ট্রাক রিসিট নং
----- তারিখ : ----- এর মাধ্যমে আমদানিকৃত যন্ত্রপাতি, যন্ত্রাংশ ও
উপকরণ এলপি গ্যাস সিলিন্ডার প্রস্তুতকারী প্রতিষ্ঠানে ব্যবহার করিব এবং উহার কোন ব্যত্যয় হইলে
আমদানিকৃত উক্ত পণ্যের উপর প্রযোজ্য হারে শুল্ক ও কর পরিশোধ ছাড়াও Customs Act, 1969
এর অধীনে শুল্ক কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত অন্য যে কোনো শাস্তি মানিয়া নিতে বাধ্য থাকিব।

স্বাক্ষর :

তারিখ : মালিক/ব্যবস্থাপনা পরিচালকের নাম :

প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা :

পরিশিষ্ট-২

প্রত্যয়ন পত্র
[শর্ত (৩) দ্রষ্টব্য]

এই মর্মে প্রত্যয়ন করা যাইতেছে যে, মেসার্স -----

----- (সম্পূর্ণ নাম ও
ঠিকানা) বিনিয়োগ বোর্ড কর্তৃক নির্বাচিত (নিবন্ধন নম্বর) এবং পেট্রোবাংলা ও বিস্ফোরক
অধিদপ্তর কর্তৃক অনুমোদিত এলপি গ্যাস সিলিন্ডার প্রস্তুতকারী প্রতিষ্ঠান। এই শিল্প প্রতিষ্ঠান কর্তৃক
খণ্ডপত্র নং ----- তারিখ : ----- ইনভয়েস নং -----
----- তারিখ : ----- বিল অব এন্ট্রি নং ----- তারিখ : -
----- এর মাধ্যমে আমদানিকৃত যন্ত্রপাতি, যন্ত্রাংশ ও উপকরণ বা উহার অংশবিশেষ
(অংশবিশেষ ব্যবহৃত হইলে উক্ত ব্যবহৃত অংশের পরিমাণ উল্লেখ করিতে হইবে) উল্লিখিত এলপি
গ্যাস সিলিন্ডার প্রস্তুতকারী প্রতিষ্ঠানে ব্যবহার করা হইয়াছে/হয় নাই।

স্বাক্ষর :

নাম :

তারিখ :

পদবী : বিভাগীয় কর্মকর্তা
কাস্টমস্, এক্সাইজ ও ভ্যাট
বিভাগীয় দপ্তর,

সীল : |

রাষ্ট্রপতির আদেশক্রমে,

স্বাক্ষরিত/-
(ড. নাসিরউদ্দীন আহমেদ)
সচিব।